

ইমাম ইয়াহইয়া ইবনু শারাফ আন-নববী (ম্. ৬৭৬ হি.) সংকলিত বিয়াল্লিশটি হাদীস, যার প্রতিটি দ্বীনের একেকটি অধ্যায়ের ভিত্তি। ক্রমানুসারে মুখস্থ করুন; তিনটি ঘর প্রথম শেখা ও দুটি পুনরাবৃত্তির হিসাব রাখে।

All are ṣaḥīḥ or ḥasan. Where an-Nawawī's own grading is contested, the note says so.

Forty-two ḥadīth gathered by Imām Yaḥyā ibn Sharaf an-Nawawī (d. 676 AH), each one a foundation upon which a chapter of the religion turns. Memorise in order; the three boxes track a first learning and two reviews.

01

إِنَّمَا الْأَعْمَالُ بِالنِّيَّاتِ، وَإِنَّمَا لِكُلِّ امْرِئٍ مَا نَوَى

নিয়তের ওপরই আমলের ভিত্তি; আর প্রত্যেক ব্যক্তি কেবল তা-ই পাবে, যার সে নিয়ত করেছে।
Actions are but by intentions, and every man shall have only that which he intended.

‘Umar ibn al-Khaṭṭāb · Bukhārī, Muslim · ṣaḥīḥ

02

الإِسْلَامُ أَنْ تَشْهَدَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ ... وَالْإِيمَانُ أَنْ تُؤْمِنَ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ وَالْيَوْمِ الْآخِرِ ... وَالْإِحْسَانُ أَنْ تَعْبُدَ اللَّهَ كَأَنَّكَ تَرَاهُ

জিবরীলের হাদীস। ইসলাম হলো পাঁচ স্তম্ভ; ঈমান হলো আল্লাহ, তাঁর ফেরেশতা, কিতাব, রাসূলগণ, শেষ দিবস ও তাকদীরে বিশ্বাস; ইহসান হলো এমনভাবে আল্লাহর ইবাদত করা যেন তুমি তাঁকে দেখছ — তুমি তাঁকে না দেখলেও তিনি তোমাকে দেখছেন।
The ḥadīth of Jibrīl. Islām is the five pillars; imān is belief in Allah, His angels, His books, His messengers, the Last Day and the decree; iḥsān is to worship Allah as though you see Him — for though you do not see Him, He sees you.

‘Umar ibn al-Khaṭṭāb · Muslim · ṣaḥīḥ · abridged

03

بُيِيَ الْإِسْلَامُ عَلَى خَمْسٍ

ইসলাম পাঁচটি ভিত্তির ওপর প্রতিষ্ঠিত: ঈমানের সাক্ষ্য, সালাত কয়েম, যাকাত প্রদান, হজ এবং রমাদানের সিয়াম।
Islam is built upon five: the testimony of faith, establishing the prayer, giving the zakāt, the pilgrimage, and the fast of Ramaḍān.

Ibn ‘Umar · Bukhārī, Muslim · ṣaḥīḥ

04

إِنَّ أَحَدَكُمْ يُجْمَعُ خَلْقُهُ فِي بَطْنِ أُمِّهِ أَرْبَعِينَ يَوْمًا

তোমাদের প্রত্যেককে মায়ের গর্ভে চল্লিশ দিন একত্র করা হয়, তারপর অনুরূপ সময় জমাট রক্ত, তারপর অনুরূপ সময় মাংসপিণ্ড; তারপর একজন ফেরেশতা পাঠানো হয়, যিনি তাতে রুহ ফুঁকে দেন এবং চারটি বিষয় লিখতে আদিষ্ট হন: তার রিয়িক, আয়ু, আমল এবং সে হতভাগ্য না সৌভাগ্যবান।
Each of you is gathered in his mother's womb for forty days, then a clot for the like of that, then a morsel for the like of that; then an angel is sent to breathe into him the spirit, and is commanded with four: his provision, his term, his deeds, and whether he is wretched or blessed.

Ibn Mas‘ūd · Bukhārī, Muslim · ṣaḥīḥ

05

مَنْ أَحْدَثَ فِي أَمْرِنَا هَذَا مَا لَيْسَ مِنْهُ فَهُوَ رَدٌّ

যে আমাদের এই দ্বীনে এমন কিছু উদ্ভাবন করে যা এর অংশ নয়, তা প্রত্যাখ্যাত।
Whoever introduces into this affair of ours something not of it, it is rejected.

‘Ā’ishah · Bukhārī, Muslim · ṣaḥīḥ

06

إِنَّ الْحَلَالَ بَيِّنٌ وَإِنَّ الْحَرَامَ بَيِّنٌ. وَبَيْنَهُمَا مُشْتَبِهَاتٌ ... أَلَا وَإِنَّ فِي الْجَسَدِ مُضْغَةً إِذَا صَلَحَتْ صَلَحَ الْجَسَدُ كُلُّهُ

হালাল স্পষ্ট, হারামও স্পষ্ট, আর এ দুয়ের মাঝে রয়েছে সন্দেহজনক বিষয়। যে এগুলো থেকে বেঁচে থাকে, সে তার দ্বীন ও সম্মান রক্ষা করে। শরীরে একটি মাংসপিণ্ড আছে: তা সুস্থ থাকলে গোটা শরীর সুস্থ থাকে — আর তা হলো হৃদয়।
The lawful is clear and the unlawful is clear, and between them are doubtful matters. Whoever guards against them has protected his religion and his honour. In the body is a morsel of flesh: if it is sound, the whole body is sound — and it is the heart.

An-Nu‘mān ibn Bashīr · Bukhārī, Muslim · ṣaḥīḥ · abridged

07

الدِّينُ النَّصِيحَةُ □□□

দ্বীন হলো কল্যাণকামিতা। আমরা বললাম: কার জন্য? তিনি বললেন: আল্লাহর জন্য, তাঁর কিতাবের জন্য, তাঁর রাসূলের জন্য, মুসলিমদের নেতাদের জন্য এবং সাধারণ মুসলিমদের জন্য।
The religion is sincerity. We said: to whom? He said: to Allah, to His Book, to His Messenger, to the leaders of the Muslims, and to their common folk.

Tamīm ad-Dārī · Muslim · ṣaḥīḥ

08

أُمِرْتُ أَنْ أَقَاتِلَ النَّاسَ حَتَّى يَشْهَدُوا أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ □□□

আমাকে আদেশ করা হয়েছে মানুষের সাথে লড়াই করতে, যতক্ষণ না তারা সাক্ষ্য দেয় যে আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই ও মুহাম্মাদ আল্লাহর রাসূল, সালাত কায়েম করে ও যাকাত দেয়। তারা তা করলে তাদের রক্ত ও সম্পদ আমার থেকে নিরাপদ, ইসলামের হক ব্যতীত; আর তাদের হিসাব আল্লাহর কাছে।
I have been commanded to fight the people until they testify that there is no god but Allah and that Muḥammad is the Messenger of Allah, establish the prayer and give the zakāt. If they do so, their blood and property are protected from me, save by the right of Islam, and their reckoning is with Allah.

Ibn ‘Umar · Bukhārī, Muslim · ṣaḥīḥ

09

مَا نَهَيْتُكُمْ عَنْهُ فَاجْتَنِبُوهُ، وَمَا أَمَرْتُكُمْ بِهِ فَاتُوا مِنْهُ مَا اسْتَطَعْتُمْ □□□

আমি যা নিষেধ করেছি তা থেকে বিরত থাকো; যা আদেশ করেছি তা সাধ্যমতো পালন করো। তোমাদের পূর্ববর্তীরা ধ্বংস হয়েছে কেবল অতিরিক্ত প্রশ্ন এবং নবীদের সাথে মতবিরোধের কারণে।
What I have forbidden you, avoid; what I have commanded you, do as much of it as you are able. Those before you were destroyed only by their excessive questioning and their disagreement with their prophets.

Abū Hurayrah · Bukhārī, Muslim · ṣaḥīḥ

10

إِنَّ اللَّهَ طَيِّبٌ لَا يَقْبَلُ إِلَّا طَيِّبًا □□□

আল্লাহ পবিত্র, পবিত্র ছাড়া কিছুই গ্রহণ করেন না। তিনি মুমিনদের তা-ই আদেশ করেছেন যা রাসূলদের আদেশ করেছেন: পবিত্র বস্তু খাও ও সংকর্ম করো। তারপর তিনি সেই ব্যক্তির কথা বললেন, যে এলোমেলো চুলে ধূলিমলিন হয়ে আকাশের দিকে দু’হাত তুলে বলে “হে রব, হে রব” — অথচ তার খাদ্য, পানীয় ও পোশাক হারাম: তার দু’আ কীভাবে কবুল হবে?
Allah is Good and accepts only what is good. He commanded the believers with what He commanded the messengers: eat of the good things and act righteously. Then he mentioned the man who stretches out his hands to the sky, dishevelled and dusty — “O Lord, O Lord” — while his food, his drink and his clothing are unlawful: how then is he answered?

Abū Hurayrah · Muslim · ṣaḥīḥ

11

دَعْ مَا يَرِيْبُكَ إِلَىٰ مَا لَا يَرِيْبُكَ □□□

যা তোমাকে সন্দেহে ফেলে তা ছেড়ে দাও, যা সন্দেহে ফেলে না তা গ্রহণ করো।
Leave what makes you doubt for what does not make you doubt.

Al-Ḥasan ibn ‘Alī · Tirmidhī, Nasā’ī · ṣaḥīḥ

12

مِنْ حُسْنِ إِسْلَامِ الْمَرْءِ تَرْكُهُ مَا لَا يَغْنِيهِ □□□

অনর্থক বিষয় ত্যাগ করা ব্যক্তির ইসলামের সৌন্দর্যের অংশ।
Part of the excellence of a man's Islam is his leaving what does not concern him.

Abū Hurayrah · Tirmidhī, Ibn Mājah · ḥasan

13

لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّىٰ يُحِبَّ لِأَخِيهِ مَا يُحِبُّ لِنَفْسِهِ □□□

তোমাদের কেউ ততক্ষণ মুমিন হবে না, যতক্ষণ না সে তার ভাইয়ের জন্য তা-ই পছন্দ করে যা নিজের জন্য পছন্দ করে।
None of you believes until he loves for his brother what he loves for himself.

Anas ibn Mālik · Bukhārī, Muslim · ṣaḥīḥ

14

لَا يَجِلُّ دَمُ امْرِئٍ مُسْلِمٍ إِلَّا بِأَحَدٍ ثَلَاثٍ

তিনটি কারণ ছাড়া কোনো মুসলিমের রক্ত বৈধ নয়: প্রাণের বদলে প্রাণ, বিবাহিত ব্যভিচারী, এবং যে স্বীন ত্যাগ করে জামা'আত থেকে বিচ্ছিন্ন হয়।

The blood of a Muslim is not lawful except for one of three: a life for a life, the married adulterer, and one who abandons his religion and separates from the community.

Ibn Mas'ūd · Bukhārī, Muslim · ṣaḥīḥ

15

مَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلْيَقُلْ خَيْرًا أَوْ لِيَصْمُتْ

যে আল্লাহ ও শেষ দিবসে বিশ্বাস করে, সে যেন ভালো কথা বলে অথবা চুপ থাকে; প্রতিবেশীকে সম্মান করে; এবং মেহমানকে সম্মান করে।

Whoever believes in Allah and the Last Day, let him speak good or keep silent; let him honour his neighbour; and let him honour his guest.

Abū Hurayrah · Bukhārī, Muslim · ṣaḥīḥ

16

لَا تَغْضَبْ

এক ব্যক্তি বলল: আমাকে উপদেশ দিন। তিনি বললেন: রাগ করো না। লোকটি কয়েকবার তা বলল, আর প্রতিবারই তিনি বললেন: রাগ করো না।

A man said: advise me. He said: do not become angry. The man repeated it several times, and each time he said: do not become angry.

Abū Hurayrah · Bukhārī · ṣaḥīḥ

17

إِنَّ اللَّهَ كَتَبَ الْإِحْسَانَ عَلَى كُلِّ شَيْءٍ

আল্লাহ সবকিছুতে উত্তম আচরণ বিধিবদ্ধ করেছেন। তাই যখন হত্যা করবে, উত্তমভাবে করো; যখন জবাই করবে, উত্তমভাবে জবাই করো। তোমাদের প্রত্যেককে যেন ছুরি ধারালো করে নেয় এবং জবাইয়ের পশুকে কষ্ট থেকে রেহাই দেয়।

Allah has prescribed excellence in all things. So when you kill, kill well; and when you slaughter, slaughter well. Let one of you sharpen his blade and spare the animal he slaughters.

Shaddād ibn Aws · Muslim · ṣaḥīḥ

18

اتَّقِ اللَّهَ حَيْثُمَا كُنْتَ، وَأَتَّبِعِ السَّبِيلَ الْحَسَنَةَ تَمَحُّهَا، وَخَالِقِ النَّاسَ بِخُلُقٍ حَسَنٍ

যেখানেই থাকো আল্লাহকে ভয় করো; মন্দ কাজের পরে ভালো কাজ করো, তা মন্দকে মুছে দেবে; আর মানুষের সাথে উত্তম চরিত্রে আচরণ করো।

Fear Allah wherever you are; follow a bad deed with a good one and it will erase it; and deal with people with good character.

Abū Dharr & Mu'ādh ibn Jabal · Tirmidhī · ḥasan

19

احْفَظِ اللَّهَ يَحْفَظَكَ، احْفَظِ اللَّهَ تَجِدْهُ تُجَاهَكَ

আল্লাহর (বিধানের) হেফাজত করো, তিনি তোমাকে হেফাজত করবেন; আল্লাহর হেফাজত করো, তাঁকে তোমার সামনে পাবে। যখন চাইবে, আল্লাহর কাছে চাও; যখন সাহায্য চাইবে, আল্লাহর কাছে চাও। জেনে রাখো, গোটা জাতি তোমার উপকারে একত্র হলেও আল্লাহ তোমার জন্য যা লিখে রেখেছেন তার বাইরে কোনো উপকার করতে পারবে না।

Be mindful of Allah and He will protect you; be mindful of Allah and you will find Him before you. When you ask, ask of Allah; when you seek help, seek it from Allah. Know that the nation, were it to gather to benefit you, could benefit you only with what Allah has already written for you.

Ibn 'Abbās · Tirmidhī · ḥasan ṣaḥīḥ

20

إِذَا لَمْ تَسْتَحْيِ فَاصْنَعْ مَا شِئْتَ

পূর্ববর্তী নবুওয়াতের যে বাণী মানুষ পেয়েছে তার একটি: যদি তোমার লজ্জা না থাকে, তবে যা ইচ্ছা করো।

Among the words people obtained from the first prophethood: if you feel no shame, do as you wish.

Abū Mas'ūd al-Badrī · Bukhārī · ṣaḥīḥ

21

قُلْ آمَنْتُ بِاللّٰهِ تُمْ اسْتَقِمَّ □□□

আমি বললাম: হে আল্লাহর রাসূল, ইসলাম সম্পর্কে আমাকে এমন কথা বলুন, যে বিষয়ে আপনার পরে আর কাউকে জিজ্ঞেস করতে হবে না। তিনি বললেন: বলো, “আমি আল্লাহর প্রতি ঈমান আনলাম,” তারপর অবিচল থাকো।

I said: O Messenger of Allah, tell me something about Islam about which I need ask no one after you. He said: say “I believe in Allah,” then be steadfast.

Sufyān ibn ‘Abdillāh ath-Thaqafī • Muslim • ṣaḥīḥ

22

أَرَأَيْتَ إِذَا صَلَّيْتُ الْمَكْتُوبَاتِ وَصُمْتُ رَمَضَانَ ... أَدْخُلُ الْجَنَّةَ؟ قَالَ: نَعَمْ □□□

এক ব্যক্তি জিজ্ঞেস করল: আমি যদি ফরজ সালাত আদায় করি, রমাদানের সিয়াম পালন করি, হালালকে হালাল ও হারামকে হারাম মানি এবং এর বেশি কিছু না করি — আমি কি জান্নাতে প্রবেশ করব? তিনি বললেন: হ্যাঁ।

A man asked: if I pray the obligatory prayers, fast Ramaḍān, treat the lawful as lawful and the unlawful as unlawful, and add nothing to that — shall I enter Paradise? He said: yes.

Jābir ibn ‘Abdillāh • Muslim • ṣaḥīḥ

23

الطُّهُورُ شَطْرُ الْإِيمَانِ □□□

পবিত্রতা ঈমানের অর্ধেক। আলহামদু লিল্লাহ মীযান পূর্ণ করে; সুবহানাল্লাহ ও আলহামদু লিল্লাহ আসমান ও জমিনের মধ্যবর্তী স্থান পূর্ণ করে। সালাত নূর, সদকা প্রমাণ, সবর আলো, আর কুরআন তোমার পক্ষে অথবা বিপক্ষে দলিল।

Purity is half of faith. *Al-ḥamdu lillāh* fills the scale; *subḥānallāh* and *al-ḥamdu lillāh* fill what is between the heavens and the earth. Prayer is light, charity is proof, patience is illumination, and the Qur’ān is an argument for you or against you.

Abū Mālik al-Ash‘arī • Muslim • ṣaḥīḥ

24

يَا عِبَادِي، إِنِّي حَرَّمْتُ الظُّلْمَ عَلَى نَفْسِي وَجَعَلْتُهُ بَيْنَكُمْ مُحَرَّمًا، فَلَا تَظَالَمُوا □□□

হাদীসে কুদসী। হে আমার বান্দারা, আমি নিজের ওপর জুলুম হারাম করেছি এবং তোমাদের মধ্যেও তা হারাম করেছি, তাই পরস্পরের ওপর জুলুম করো না। হে আমার বান্দারা, আমি যাকে হিদায়াত দিই সে ছাড়া তোমরা সবাই পথভ্রষ্ট, তাই আমার কাছে হিদায়াত চাও, আমি তোমাদের হিদায়াত দেব। এ তো তোমাদেরই আমল, যা আমি তোমাদের জন্য গুনে রাখি, তারপর পূর্ণ প্রতিদান দিই।

A ḥadīth qudsī. O My servants, I have forbidden oppression upon Myself and made it forbidden among you, so do not oppress one another. O My servants, all of you are astray except whom I guide, so seek guidance of Me and I shall guide you. It is only your deeds that I reckon for you, then repay you in full.

Abū Dharr al-Ghifārī • Muslim • ṣaḥīḥ • abridged

25

أَوَلَيْسَ قَدْ جَعَلَ اللَّهُ لَكُمْ مَا تَصَدَّقُونَ □□□

দরিদ্র সাহাবীরা বললেন: ধনীরা সব সওয়াব নিয়ে গেল — তারা আমাদের মতো সালাত আদায় করে এবং উদ্বৃত্ত সম্পদ থেকে সদকা করে। তিনি বললেন: আল্লাহ কি তোমাদের সদকা করার মতো কিছু দেননি? প্রতিটি তাসবীহ সদকা, প্রতিটি তাকবীর সদকা, সৎকাজের আদেশ সদকা, এমনকি বৈধ উপায়ে কামনা পূরণেও সদকা রয়েছে।

The poor Companions said: the wealthy have taken all the reward — they pray as we pray and give charity from their surplus. He said: has Allah not given you what you may give in charity? In every *tasbīḥah* is charity, in every *takbīrah* charity, in enjoining good charity, and in the lawful fulfilment of desire there is charity.

Abū Dharr al-Ghifārī • Muslim • ṣaḥīḥ

26

كُلُّ سُلَامَى مِنَ النَّاسِ عَلَيْهِ صَدَقَةٌ، كُلُّ يَوْمٍ تَطْلُعُ فِيهِ الشَّمْسُ □□□

যেদিন সূর্য ওঠে, প্রতিদিন মানুষের প্রতিটি জোড়ার ওপর সদকা রয়েছে: দু’জনের মধ্যে মীমাংসা করা সদকা, কাউকে বাহনে উঠতে সাহায্য করা সদকা, উত্তম কথা সদকা, সালাতের দিকে প্রতিটি পদক্ষেপ সদকা, আর পথ থেকে কষ্টদায়ক বস্তু সরানো সদকা।

Every joint of a person owes charity, each day the sun rises: to reconcile two people is charity, to help a man onto his mount is charity, a good word is charity, every step to the prayer is charity, and removing harm from the road is charity.

Abū Hurayrah • Bukhārī, Muslim • ṣaḥīḥ

27

اَلْبِرُّ حُسْنُ الْخُلُقِ، وَالْإِثْمُ مَا خَاكَ فِي صَدْرِكَ وَكَرِهْتَ أَنْ يَطَّلَعَ عَلَيْهِ النَّاسُ □□□

নেকি হলো উত্তম চরিত্র, আর পাপ হলো যা তোমার অন্তরে খটকা সৃষ্টি করে এবং মানুষ তা জানুক তুমি অপছন্দ করো।

Righteousness is good character, and sin is what wavers in your breast and which you would hate people to learn of.

An-Nawwās ibn Sam‘ān · Muslim · ṣaḥīḥ

28

عَلَيْكُمْ بِسُنَّتِي وَسُنَّةِ الْخُلَفَاءِ الرَّاشِدِينَ الْمَهْدِيِّينَ، عَضُّوا عَلَيْهَا بِالنَّوَاجِذِ □□□

তিনি এমন উপদেশ দিলেন যাতে হৃদয় কঁপে উঠল ও চোখে অশ্রু ঝরল: আমি তোমাদের আল্লাহকে ভয় করার এবং শোনা ও মানার উপদেশ দিচ্ছি। আমার সুন্নাহ ও সঠিক পথপ্রাপ্ত খলীফাদের সুন্নাহ আঁকড়ে ধরো; মাড়ির দাঁত দিয়ে কামড়ে ধরো, আর নবউদ্ভাবিত বিষয় থেকে সাবধান থাকো।

He admonished them with an admonition that moved hearts and brought tears to the eyes: I counsel you to fear Allah, and to hear and obey. Hold to my sunnah and the sunnah of the rightly guided caliphs; bite onto it with your molars, and beware of newly invented matters.

Al-‘Irbāḍ ibn Sāriyah · Abū Dāwūd, Tirmidhī · ḥasan ṣaḥīḥ

29

أَلَا أُخْبِرُكَ بِمَلَاكٍ ذَلِكَ كُلُّهُ؟ ... كُفَّ عَلَيْكَ هَذَا □□□

মু‘আয জান্নাতে প্রবেশের আমল সম্পর্কে জিজ্ঞেস করলেন। তাঁকে ইবাদত, সালাত, সিয়াম ও কল্যাণের দরজাগুলোর কথা বলা হলো — সিয়াম চাল, আর পানি যেমন আগুন নেভায়, সদকা তেমনি পাপ নেভায়। তারপর: আমি কি তোমাকে এসবের মূল বলে দেব না? তিনি নিজের জিহ্বা ধরে বললেন: এটিকে সংযত রাখো।

Mu‘ādh asked of a deed to enter Paradise. He was told of worship, the prayer, the fast, and the gates of good — fasting is a shield, charity extinguishes sin as water extinguishes fire. Then: shall I tell you of the mastery of all that? He took hold of his tongue and said: restrain this.

Mu‘ādh ibn Jabal · Tirmidhī · ḥasan ṣaḥīḥ · abridged

30

إِنَّ اللَّهَ فَرَضَ فَرَائِضَ فَلَا تُضَيِّعُوهَا، وَحَدَّ حُدُودًا فَلَا تَعْتَدُوهَا □□□

আল্লাহ কিছু ফরজ নির্ধারণ করেছেন, তা নষ্ট কোরো না; কিছু সীমা নির্ধারণ করেছেন, তা লঙ্ঘন কোরো না; কিছু বিষয় হারাম করেছেন, তাতে লিপ্ত হয়ো না; আর দয়াবশত — ভুলে গিয়ে নয় — কিছু বিষয়ে নীরব থেকেছেন, তাই সেগুলো নিয়ে খোঁজাখুঁজি কোরো না।

Allah has laid down obligations, so do not neglect them; set limits, so do not transgress them; forbidden things, so do not violate them; and was silent about things out of mercy, not forgetfulness — so do not enquire into them.

Abū Tha‘labah al-Khushanī · Dāraqūṭnī · ḥasan

31

أَزْهَدْ فِي الدُّنْيَا يُجِبَّكَ اللَّهُ، وَأَزْهَدْ فِيمَا عِنْدَ النَّاسِ يُجِبَّكَ النَّاسُ □□□

এক ব্যক্তি বলল: আমাকে এমন আমলের কথা বলুন, যা করলে আল্লাহ আমাকে ভালোবাসবেন এবং মানুষও ভালোবাসবে। তিনি বললেন: দুনিয়ার প্রতি অনাসক্ত হও, আল্লাহ তোমাকে ভালোবাসবেন; মানুষের হাতে যা আছে তার প্রতি অনাসক্ত হও, মানুষ তোমাকে ভালোবাসবে।

A man said: point me to a deed for which Allah will love me and people will love me. He said: renounce the world and Allah will love you; renounce what is in people’s hands and people will love you.

Sahl ibn Sa’d as-Sā‘idī · Ibn Mājah · ḥasan

32

لَا ضَرَرَ وَلَا ضِرَارَ □□□

ক্ষতি করা যাবে না, ক্ষতির বদলে ক্ষতিও করা যাবে না।

There shall be no harm, nor the reciprocating of harm.

Ibn ‘Abbās · Ibn Mājah, Dāraqūṭnī · ḥasan by its routes

33

الْبَيِّنَةُ عَلَى الْمُدَّعِي، وَالْيَمِينُ عَلَى مَنْ أَنْكَرَ □□□

মানুষকে যদি শুধু তাদের দাবির ভিত্তিতে দেওয়া হতো, তবে লোকেরা অন্যের সম্পদ ও রক্ত দাবি করত। কিন্তু প্রমাণ দেওয়ার দায় বাদীর, আর অস্বীকারকারীর ওপর শপথ।

Were people given by their claims, men would claim the wealth and blood of others. But the proof is upon the claimant, and the oath upon the one who denies.

Ibn 'Abbās · Bayhaqī · ḥasan; parts in Bukhārī & Muslim

34

مَنْ رَأَى مِنْكُمْ مُنْكَرًا فَلْيُغَيِّرْهُ بِيَدِهِ، فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِلِسَانِهِ، فَإِنْ لَمْ يَسْتَطِعْ فَبِقَلْبِهِ □□□

তোমাদের কেউ কোনো অন্যায় দেখলে সে যেন তা হাত দিয়ে পরিবর্তন করে; না পারলে মুখ দিয়ে; তাও না পারলে অন্তর দিয়ে — আর এটি ঈমানের দুর্বলতম স্তর।

Whoever of you sees an evil, let him change it with his hand; if he is unable, then with his tongue; if he is unable, then with his heart — and that is the weakest of faith.

Abū Sa'īd al-Khudrī · Muslim · ṣaḥīḥ

35

لَا تَحَاسَدُوا، وَلَا تَنَاجَشُوا، وَلَا تَبَاغَضُوا، وَكُونُوا عِبَادَ اللَّهِ إِخْوَانًا □□□

পরস্পর হিংসা কোরো না, দাম বাড়িয়ে ধোঁকা দিয়ো না, পরস্পর বিদ্বেষ রেখো না, একে অপর থেকে মুখ ফিরিয়ে নিয়ো না। আল্লাহর বান্দা হয়ে ভাই ভাই হয়ে যাও। মুসলিম মুসলিমের ভাই: সে তার ওপর জুলুম করে না, তাকে অসহায় ছেড়ে দেয় না, তাকে মিথ্যা বলে না, তাকে তুচ্ছ করে না। তাকওয়া এখানে — এই বলে তিনি তিনবার নিজের বুকের দিকে ইশারা করলেন।

Do not envy one another, do not inflate prices against one another, do not hate one another, do not turn away from one another. Be servants of Allah, brothers. The Muslim is the brother of the Muslim: he does not wrong him, fail him, lie to him, or despise him. Piety is here — and he pointed to his chest three times.

Abū Hurayrah · Muslim · ṣaḥīḥ

36

وَاللَّهُ فِي عَوْنِ الْعَبْدِ مَا كَانَ الْعَبْدُ فِي عَوْنِ أَخِيهِ □□□

যে কোনো মুমিনের দুনিয়ার একটি কষ্ট দূর করে, আল্লাহ কিয়ামতের দিন তার একটি কষ্ট দূর করবেন। যে অভাবগ্রস্তের প্রতি সহজ করে, আল্লাহ দুনিয়া ও আখিরাতে তার প্রতি সহজ করবেন। যে কোনো মুসলিমের দোষ গোপন রাখে, আল্লাহ তার দোষ গোপন রাখবেন। আর বান্দা যতক্ষণ তার ভাইয়ের সাহায্য থাকে, আল্লাহ ততক্ষণ তার সাহায্য থাকেন।

Whoever relieves a believer of a distress of this world, Allah will relieve him of a distress of the Day of Resurrection. Whoever eases one in hardship, Allah will ease him in this world and the next. Whoever conceals a Muslim's fault, Allah will conceal his. And Allah is in the aid of His servant so long as the servant is in the aid of his brother.

Abū Hurayrah · Muslim · ṣaḥīḥ

37

إِنَّ اللَّهَ كَتَبَ الْحَسَنَاتِ وَالسَّيِّئَاتِ □□□

আল্লাহ ভালো ও মন্দ কাজ লিখে রেখেছেন। কেউ কোনো ভালো কাজের ইচ্ছা করে তা না করলেও আল্লাহ তা একটি পূর্ণ নেকি হিসেবে লেখেন; আর তা করলে দশ থেকে সাতশ গুণ পর্যন্ত। কেউ কোনো মন্দ কাজের ইচ্ছা করে তা না করলে আল্লাহ তা একটি পূর্ণ নেকি হিসেবে লেখেন; আর তা করলে কেবল একটি গুনাহ লেখেন।

Allah has written down good deeds and bad. Whoever intends a good deed and does not do it, Allah writes it as one complete good deed; if he does it, from ten to seven hundred times over. Whoever intends a bad deed and does not do it, Allah writes it as one complete good deed; and if he does it, He writes it as one bad deed alone.

Ibn 'Abbās · Bukhārī, Muslim · ṣaḥīḥ

38

مَنْ عَادَى لِي وَلِيًّا فَقَدْ آذَنْتُهُ بِالْحَرْبِ □□□

হাদীসে কুদসী। যে আমার কোনো ওলীর সাথে শত্রুতা করে, আমি তার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করি। আমি যা ফরজ করেছি তার চেয়ে প্রিয় কিছু দিয়ে বান্দা আমার নৈকট্য লাভ করে না; আর নফল ইবাদতের মাধ্যমে সে আমার নিকটবর্তী হতে থাকে, অবশেষে আমি তাকে ভালোবাসি — আর যখন ভালোবাসি, আমি হয়ে যাই তার কান, যা দিয়ে সে শোনে, এবং তার চোখ, যা দিয়ে সে দেখে।

A ḥadīth qudsī. Whoever shows enmity to a friend of Mine, I declare war upon him. My servant draws near to Me with nothing more beloved than what I have made obligatory; and he continues to draw near with voluntary works until I love him — and when I love him, I am his hearing with which he hears and his sight with which he sees.

Abū Hurayrah · Bukhārī · ṣaḥīḥ · abridged

39

□□□ إِنَّ اللَّهَ تَجَاوَزَ لِي عَنْ أَمِّيهِ الْخَطَأَ وَالنَّسْيَانَ وَمَا اسْتُكْرِهُوا عَلَيْهِ

আল্লাহ আমার উম্মতের ভুল, বিস্মৃতি এবং যা করতে তারা বাধ্য হয় — তা ক্ষমা করে দিয়েছেন।

Allah has pardoned for me, from my nation, mistake, forgetfulness, and what they are compelled to do.

Ibn 'Abbās · Ibn Mājah, Bayhaqī · ḥasan

40

□□□ كُنْ فِي الدُّنْيَا كَأَنَّكَ غَرِيبٌ أَوْ عَابِرُ سَبِيلٍ

নবী ﷺ আমার কাঁধ ধরে বললেন: দুনিয়াতে এমনভাবে থাকো যেন তুমি একজন অপরিচিত, অথবা পথচারী মুসাফির। ইবনু 'উমার বলতেন: সন্ধ্যা হলে সকালের অপেক্ষা করো না; সকাল হলে সন্ধ্যার অপেক্ষা করো না। অসুস্থতার জন্য সুস্থতা থেকে এবং মৃত্যুর জন্য জীবন থেকে সঞ্চয় করো।

The Prophet ﷺ took hold of my shoulders and said: be in this world as though you were a stranger, or a traveller passing through. Ibn 'Umar used to say: when evening comes, do not expect the morning; when morning comes, do not expect the evening. Take from your health for your illness, and from your life for your death.

Ibn 'Umar · Bukhārī · ṣaḥīḥ

41

□□□ لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّىٰ يَكُونَ هَوَاهُ تَبَعًا لِمَا جِئْتُ بِهِ

তোমাদের কেউ প্রকৃত মুমিন হবে না, যতক্ষণ না তার প্রবৃত্তি আমার আনীত বিধানের অনুগামী হয়।

None of you truly believes until his desire follows what I have brought.

'Abdullāh ibn 'Amr · an-Nawawī graded it ṣaḥīḥ; later scholars, including Ibn Rajab, hold its chain weak.

42

□□□ يَا ابْنَ آدَمَ، إِنَّكَ مَا دَعَوْتَنِي وَرَجَوْتَنِي غَفَرْتُ لَكَ عَلَىٰ مَا كَانَ مِنْكَ وَلَا أَبَالِي

হাদীসে কুদসী। হে আদমসন্তান, যতক্ষণ তুমি আমাকে ডাকবে ও আমার কাছে আশা রাখবে, তোমার যা কিছু হয়েছে আমি ক্ষমা করে দেব, আর আমি কোনো পরোয়া করি না। হে আদমসন্তান, তোমার গুনাহ যদি আকাশের মেঘমালা পর্যন্ত পৌঁছে, তারপর তুমি আমার কাছে ক্ষমা চাও, আমি তোমাকে ক্ষমা করে দেব। হে আদমসন্তান, তুমি যদি পৃথিবী-ভরা গুনাহ নিয়ে আমার কাছে আসো, তারপর আমার সাথে কিছু শরিক না করে সাক্ষাৎ করো, আমি পৃথিবী-ভরা ক্ষমা নিয়ে তোমার কাছে আসব।

A ḥadīth qudsī. O son of Adam, so long as you call upon Me and place hope in Me, I will forgive you whatever has come from you, and I will not mind. O son of Adam, were your sins to reach the clouds of the sky and then you sought My forgiveness, I would forgive you. O son of Adam, were you to come to Me with sins nearly filling the earth, and then meet Me associating nothing with Me, I would come to you with its like in forgiveness.

Anas ibn Mālik · Tirmidhī · ḥasan

ইমাম নববী চল্লিশটি সংকলনের নিয়ত করে বিয়াল্লিশটি সংগ্রহ করেন। তিনি সেই বর্ণনাটি উল্লেখ করেন যে, যে আমার উম্মতের জন্য স্বীনের চল্লিশটি হাদীস সংরক্ষণ করবে, সে ফকীহ ও আলেমদের সাথে উত্তীর্ণ হবে — তিনি নিজেই বলেছেন এর সনদ দুর্বল, তবে অর্থ সঠিক এবং চল্লিশ হাদীস সংকলনের রীতি দীর্ঘ প্রতিষ্ঠিত।

An-Nawawī intended forty and gathered forty-two, writing that whoever preserves for my nation forty ḥadīth of its religion will be raised among the jurists and the scholars — a report he himself noted is weak in chain, though its meaning is sound and the practice of gathering forty is long established.

Three boxes per ḥadīth: first learning, review at a week, review at a month.

RAFIQ BY SABIL Forty Ḥadīth of an-Nawawī ইমাম নববীর চল্লিশ হাদীস Local edition · Arabic · বাংলা · English · A4 · 2026

Qur'ān cited by sūrah and āyah. Every ḥadīth names its collection and grade; gradings per al-Albānī unless stated. · কুরআনের সূরা সূরা ও আয়াত নম্বরসহ। প্রতিটি হাদীসে গ্রন্থ ও মান উল্লেখ আছে; ভিন্ন উল্লেখ না থাকলে মান আলবানীর মতে।

Scholarly review: pending · Free to print and share. Not for sale. · আলমদদের পর্যালোচনা: চলাছে · বিনামূল্যে প্রিন্ট ও শেয়ার করুন। বিক্রয়ের জন্য নয়।

Read online, report an error: mysabil.app/library/forty-hadith

